

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২৬৫

আগরতলা, ১৬ ডিসেম্বর, ২০২৩

**২০টি দপ্তরে জেআরবিটিতে চাকরি প্রাপকদের অফার বিতরণ**

সরকারের জনকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নে  
কর্মচারিদের ভূমিকা সব সময় গুরুত্বপূর্ণ : মুখ্যমন্ত্রী



সরকারের জনকল্যাণমূলক কর্মসূচি বাস্তবায়নে কর্মচারিদের ভূমিকা সব সময় গুরুত্বপূর্ণ। জেআরবিটির মাধ্যমে আজ যারা অফার পেয়েছেন তারাও আগামীদিনে সরকারের উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবেন। সরকারি কাজ নির্দিষ্ট সময়ে শেষ করার উপর তাদেরকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। আজ রবিন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে গ্রুপ সি পদে নির্বাচিত প্রাথীদের অফার প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, আজ রাজ্য সরকারের ২০টি দপ্তরের ১,২০০ জনের অধিক গ্রুপ সি পদে অফার দেওয়া হয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা আরও বলেন, কর্মচারিগণ হচ্ছেন প্রশাসনের মূল চালিকা শক্তি। বহু কর্মচারি তাদের চাকরি জীবন শেষ করার পরও কর্মদক্ষতার জন্য তাদের স্মরণ করা হয়। তাই কর্মক্ষেত্রে কর্মচারিদের গ্রহণযোগ্যতা সবচেয়ে বড় বিষয়। জনগণ যাতে সরকারি অফিসে এসে কোনওভাবে হয়রানির শিকার না হন, সেদিকে কর্মচারিদের বিশেষ নজর রাখতে হবে। দেশাত্মোধক ভাবনা নিয়ে চাকরি প্রাপকদের কাজ করার উপর মুখ্যমন্ত্রী গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বর্তমান সময়ে কাজের পদ্ধতিগত পরিবর্তন এসেছে। সমস্ত জায়গায় ই-অফিস ব্যবস্থাপনা চালু করা হয়েছে। ই-অফিস ব্যবস্থাপনায় নতুন চাকরি প্রাপকরা তাদের দক্ষতার পরিচয় দেবেন বলে মুখ্যমন্ত্রী আশাব্যক্ত করেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতার উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। প্রধানমন্ত্রীর দুর্নীতিমুক্ত ব্যবস্থার দৃষ্টিভঙ্গিকে পাথেয় করে রাজ্য সরকারও কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর আন্তরিক দৃষ্টিভঙ্গির ফলে ত্রিপুরার চেহারা বদলে গেছে। প্রধানমন্ত্রী রাজ্যকে হীরা মডেল উপহার দিয়েছেন। এর ফলে রাজ্যের যোগাযোগ ব্যবস্থায় অনেক উন্নতি হয়েছে। জাতীয় সড়ক, ইন্টারনেট, রেল ও বিমান যোগাযোগ ব্যবস্থা সম্প্রসারিত হয়েছে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণে ত্রিপুরা বিভিন্ন ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের প্রশংসা পেয়েছে। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বিভিন্ন দপ্তরের অফার প্রাপকদের অভিনন্দন জানান। তিনি বলেন, অফার প্রাপকদের কর্মক্ষেত্রে নিজেদের দক্ষতাকে কাজে লাগিয়ে সরকারি কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। তাহলেই সরকারি কাজে গতি আসবে।

অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, কাজের গুণগতমান বৃদ্ধিতে নতুন চাকরি প্রাপকদের দায়িত্বপূর্ণ ভূমিকা থাকবে। অনুষ্ঠানে রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন বলেন, সরকারের জনকল্যাণমূলক কাজকে ত্বরান্বিত করতে অফার প্রাপকগণ অগ্রণী ভূমিকা নেবেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্ৰবৰ্তী বলেন, জেআরবিটির মাধ্যমে গ্রুপ ডি পদে নিয়োগের জন্যও ইতিমধ্যেই ইন্টারভিউ প্রক্রিয়া শুরু করা হয়েছে। অনুষ্ঠানে চাকরি প্রাপকদের হাতে অফার তুলে দেন মুখ্যমন্ত্রী সহ উপস্থিত অন্যান্য অতিথিগণ।

\*\*\*\*\*